

MMSI সেবা সংশ্লিষ্ট ট্যারিফ।

১.১) বিটিসিএল-এর MMSI সেবার জন্য সংশ্লিষ্ট ট্যারিফ নিম্নলিখিত ছক* অনুযায়ী হবে:

বিবরণ	MMSI সেবা- আন্তর্জাতিক যোগাযোগ	MMSI সেবা- অভ্যন্তরীণ যোগাযোগ-১	MMSI সেবা- অভ্যন্তরীণ যোগাযোগ-২
সেবা	MMSI & AA	MMSI	MMSI
আবেদন প্রসেসিং ফি	5000 BDT	4000 BDT	2000 BDT
বরাদ্দকরণ ফি-MMSI Number Allocation Fee (MMSIAF)	30000 BDT	20000 BDT	5000 BDT
জামানত (প্রতি টার্মিনাল)	100000 BDT	0	0
হ্যান্ডলিং চার্জ	25% of Satellite Invoice	0	0

*সংশ্লিষ্ট ব্যাখ্যা ও শর্তাবলী নিম্নরূপ:

ক) MMSI সেবা-আন্তর্জাতিক যোগাযোগ: আন্তর্জাতিক স্যাটেলাইট যোগাযোগ পরিচালনা করে এরূপ MS/MES (যেমন: বাণিজ্যিক জাহাজ, কার্গো, কোস্টার, তেলবাহী ও কেমিক্যাল ট্যাংকার, বাল্ক ক্যারিয়ার, যাত্রীবাহী জাহাজ ইত্যাদি)-এর জন্য বিটিসিএল কর্তৃক MMSI নম্বর প্রদান সংশ্লিষ্ট সেবা।

খ) MMSI সেবা-অভ্যন্তরীণ যোগাযোগ-১: ওয়ান-ওয়ে (ট্রান্সমিট)/লোকাল যোগাযোগ পরিচালনা করে এরূপ Inland MS/MES (যেমন: ওয়াটার ট্রান্সপোর্ট, কার্গো, কোস্টার, ক্যারিয়ার, ট্যাংকার, যাত্রীবাহী, টহল ও ক্রুজ জাহাজ, সামরিক নৌযান, মৎস্য আহরণে ব্যবহৃত ছোট ও বৃহৎ নৌযান ইত্যাদি), উপকূলীয় ও স্থলভিত্তিক স্টেশন, এবং SAR ও অন্যান্য নিরাপত্তা-সম্পর্কিত কার্যক্রমে অংশগ্রহনকৃত Fixed/Rotary Wing Aircraft ইত্যাদি শ্রেণির স্টেশন-এর জন্য বিটিসিএল কর্তৃক MMSI নম্বর প্রদান সংশ্লিষ্ট সেবা।

গ) MMSI সেবা-অভ্যন্তরীণ যোগাযোগ-২: ওয়ান-ওয়ে (ট্রান্সমিট)/লোকাল যোগাযোগ পরিচালনা করে এরূপ অন্যান্য Inland MS/MES (যেমন: টাগ, বয়া, ফেরি, লঞ্চ নৌযান ইত্যাদি)-এর জন্য বিটিসিএল কর্তৃক MMSI নম্বর প্রদান সংশ্লিষ্ট সেবা।

ঘ) আবেদন প্রসেসিং ফি প্রদান: বর্তমানে প্রচলিত MMSI সেবা সংশ্লিষ্ট সার্ভিস চার্জ প্রদানের নিয়মানুসারে MMSI নম্বরের বরাদ্দের আবেদনের সাথে জমাকৃত আবেদন প্রসেসিং ফি চালান/পে-অর্ডারের মাধ্যমে সিজিএম, ওটিআর, বিটিসিএল, ঢাকা বরাবর পরিশোধযোগ্য।

ঙ) ডিমাল্ড নোট ফি প্রদান: বর্তমানে প্রচলিত MMSI সেবা সংশ্লিষ্ট সার্ভিস চার্জ প্রদানের নিয়মানুসারে ডিমাল্ড নোট জারির তারিখ হতে আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সিজিএম, ওটিআর, বিটিসিএল, ঢাকা-এর অনুকূলে যে কোনো তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ডিডি এর মাধ্যমে উক্ত ডিমাল্ড নোটে উল্লেখিত রাজস্ব সিজিএম (ওটিআর) এর অধীনে ডিজিএম (অর্থ ও রাজস্ব) শাখায় জমা প্রদান করতে হবে। উল্লেখিত সময়সীমার মধ্যে ডিমাল্ড নোটের রাজস্ব পরিশোধ না করা হলে, সংশ্লিষ্ট ডিমাল্ড নোট এবং আবেদনটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

চ) জামানত প্রদান: এককালীন জামানত ডিমাল্ড নোটের সঙ্গে পরিশোধযোগ্য। গ্রাহকের বিল যদি ০৬ (ছয়) মাস বা তদূর্ধ্ব সময়কাল বকেয়া থাকে, অথবা জাহাজ স্ক্র্যাপ/বহর থেকে প্রত্যাহারজনিত কারণে MMSI ব্যবহার বন্ধ থাকা সত্ত্বেও গ্রাহক যদি নির্ধারিত সময়ে বিটিসিএল-কে টার্মিনেশন সংক্রান্ত বিষয়টি অবহিত না করেন, তবে বিটিসিএল উক্ত জামানতের অর্থ বিলের বকেয়ার বিপরীতে সমন্বয় করবে। গ্রাহককে যথাযথ প্রক্রিয়া অনুযায়ী অবহিতকরণ সত্ত্বেও বিল পরিশোধ না করলে, বিটিসিএল বিল অনাদায় বা সেবা স্থগিতের কারণে সংশ্লিষ্ট PSA-কে উক্ত সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্ন বা পরবর্তীতে স্থায়ীভাবে বন্ধ করার জন্য অনুরোধ জানাবে।

ছ) জামানত ফেরত: গ্রাহকের কোনো বকেয়া বিল না থাকলে, এককালীন জামানত সার্ভিস বন্ধ হওয়ার পর ফেরত প্রদান করা হবে। ফেরতযোগ্য অর্থ গ্রাহক অথবা তাঁর মনোনীত প্রতিনিধির নিকট চেক বা অন্যান্য উপযুক্ত মাধ্যমে প্রদান করা হবে। যেকোনো ধরনের অনৈতিক বা জালিয়াতিমূলক কার্যক্রম প্রতিরোধের লক্ষ্যে, অথোরাইজড ব্যক্তি ব্যতীত তৃতীয় পক্ষের নিকট জামানত ফেরত প্রদান করা হবে না। উল্লেখ্য, জামানতকে মাসিক বিলের অগ্রিম (Advance) অর্থপ্রদান হিসেবে গণ্য করা যাবে না।

জ) সংশ্লিষ্ট আবেদন প্রসেসিং ফি, বরাদ্দকরণ ফি এককালীন। সংশ্লিষ্ট জামানত এককালীন ও ফেরতযোগ্য। সংশ্লিষ্ট হ্যান্ডলিং চার্জ মাসভিত্তিক।

ঝ) সরকার নির্ধারিত VAT/Tax প্রযোজ্য।